7239      D 7160    20 Rs.

बीस रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

२०रु.    TWENTY RUPEES    20 RS.

... come under the perview ... (L.R.) Act 1976 as the ... Land recorded in the R.S. Record as agricultural/Horticulture

Admissible Under rule 21 and rule 4/S 5(1)-14 of the W.B.L.R Act 1955 Duly Stamped ~~Exempt Residence~~ not ~~Duty Stamp~~ duty under the Indian Stamp Act 1899 Schedule I. A. No. 213 ... Fees Paid ... ... 4/80 ... Paid in C.F.S. ... 8-25

Sub-Registrar ...

১০০০, এক হাজার টাকা মূল্য—

স্থাবর সম্পত্তি বিক্রয়ের সাফ কোবালা ।

ক্রেতা :- শ্রী মদন সরদার পিতা সুবল সরদার, জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাং কৈখালী, থানা দমদম এয়ার পোর্ট, জেলা ২৪ পরগনা ।

(দলিল গ্রহীতা)

বিক্রেতা :- শ্রীমতী ছায়া রানী দাস স্বামী শ্রী পরিতোষ দাস, জাতি হিন্দু, পেশা গৃহস্থালী, সাকিন খোলসা কোটা পল্লী, থানা নিমতা, জেলা ২৪ পরগনা, কলিকাতা- ৫১ ।

(দলিল দাত্রী)

কস্য সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় স্থানীয় মাপের কমবেশী ১-০-০ এক কাঠা জমি তৎসহ নকসায় প্রদর্শিত কমন প্যাসেজের যাবতীয় বর্ত্তাস্বত্ব ইজমেন্ট রাইট সহ দরবস্ত হক

হকুক ...

Scanned with CamScanner

20 Rs.

... day of October
... 85 in the ...
(Chhaya Rani Das)

11,075

Chhaya Rani Das
Paritosh Das
Khalasakata palli
P.S. Namkhana

Paritosh Das
S/o Madhusudan Das

Sub-Registrar

7 RS

INDIA

सात रुपये

सत्यमेव जयते

भारत

SEVEN RUPEES SEVEN RUPEES

(২)

হকুক সম্পত্তি বিক্রয়ের সাফ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা ২৪ পরগনা থানা সাবেক রাজারহাট হাল এয়ারপোর্ট এলেকাধিন জে: এল: নং ৫, মৌজা কৈখালী, ১৭২ নং তৌজি, উর্দ্ধতন মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪ পরগনা জেলা কালেকটার বাহাদুর অধিকারে ১৩৮ নং খতিয়ানস্থিত ৩১৭ নং দাগের .২০ শতক কোর্ফা দখিলি স্বত্ব বিশিষ্ট বার্ষিক ৩.৫০ পয়সা করের জমিজমা যাহা কার্ত্তিক মণ্ডল ও মানিক মণ্ডল দিগের পৈত্রিক ওয়ারিশ সূত্রে প্রাপ্ত স্বত্ব দখলিয় সম্পত্তি থাকে ও কৈখালী সাকিন এর জনৈক চুনিলাল সরদারের পুত্র চরণ সরদারের খরিদা সম্পত্তি থাকে। তাহারা উক্ত সম্পত্তি খাসে ভোগ দখল করিতে থাকাকালে কার্ত্তিক মণ্ডল ও মানিক মণ্ডল উক্ত সম্পত্তি মধ্যে স্থানীয় মাপের ৬-৪-০' ছয় কাঠা চার ছটাক বার্ষিক হারাহারি মত১.৭৫ পয়সা করের জমিজমা সাফ বিক্রয় করিবার ঘোষনা করিলে পর উহা অত্র দলিল দাত্রী ও বিক্রেতা আমি আমরা নিজ স্ত্রী ধন অর্থে- ও স্বার্থে কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসের ২৫।১।১৯৬৮ সালের ১ নং বহির, ১১৫ নং

Scanned with CamSca

[illegible]

Sub-Registrar
[illegible] Nagar [illegible]

Scanned with CamScanner

7 RS

INDIA

सात रुपये

SEVEN RUPEES

सत्यमेव जयते

भारत

(৩)

ভল্যুম এর ২৪ হইতে ২৭ পাতায় নকল কৃত ৭৪১৩ নং যুক্ত রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিলের দ্বারা উক্ত কার্তিক মন্ডল ও মানিক মন্ডল দিগের নিকট হইতে খরিদ করি। উক্ত মৌজা কৈখালী ১৩৮ নং খতিয়ানস্থিত ৩১৭ নং দাগের •২০ শতক জমিমধ্যে স্থানীয় মাপের ৩-২-০' তিন কাঠা দুই ছটাক বার্ষিক হারাহারি মত •৮৮ পয়সা করের জমিজমা শ্রী মানিক মন্ডল শ্রী কার্তিক মন্ডল ও শ্রী চরণ সরদার একত্রে সাফ বিক্রয় করিবার ঘোষনা করিলে পর উহা অত্র দলিল দাত্রী ও বিক্রেতা আমি কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসের ২।১।১৯৬৯ সালের ১ নং বহির, ৯৬ নং ভল্যুমের, ৫৯ হইতে ৬২ পাতায়নকল কৃত ৬২১৯ নং যুক্তরেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিলের দ্বারা উক্ত মানিক মন্ডল, কার্তিক মন্ডল ও চরণ সরদার দিগের নিকট হইতে খরিদ করি।

মানিক মন্ডল উক্ত দাগের জমিমধ্যে তাহার খাসে থাকা অবশিষ্ট জমিমধ্যে স্থানীয় মাপের কমবেশী ১-০-৭' এক কাঠা সাত বর্গফুট বার্ষিক হারাহারি মত •২৫ পয়সা করের জমি

জমা ....

2 Rs




(৪)

জমা সাফ বিক্রয় করিবার ঘোষনা করিলে পর উহা অত্র দলিল দাত্রী ও বিক্রেতা আমি কাশী-পুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসের ১৭।৫।১৯৭২ সালের ১ নং বহির, ৫১ নং ভল্যুমের, ১০ থেকে ১২ পাতায় নকল কৃত ৩০৩২ নং যুক্ত রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিলের দ্বারা উক্ত মানিক মণ্ডল মহাশয়ের নিকট হইতে খরিদ করি ।

মানিক মণ্ডল উক্ত দাগের জমিমধ্যে তাহার খাসে থাকা অবশিষ্ট স্থানীয় মাপের ১-৭-৩৭ ' এক কাঠা সাত ছটাক সাঁইত্রিশ বর্গফুট জমি সাফ বিক্রয় করিবার ঘোষনা করিলে পর উহা অত্র দলিল দাত্রী ও বিক্রেতা আমি কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসের ১৪।৩।৭৩ সালের ১ নং বহির, ৩৬ নং ভল্যুমের, ১৮০ হইতে ১৮২ পাতায় নকল কৃত ১৯৫৬ নং যুক্ত রেজিষ্ট্রিকৃত সাফ কোবালা দলিলের দ্বারা উক্ত মানিক মণ্ডল মহাশয়ের নিকট হইতে খরিদ করিয়া সর্ব্বমোট কমবেশী ১১-১৩-৪৪ ' এগারো কাঠা তের ছটাক চুয়াল্লিশ বর্গফুট জমিতে স্বত্ববতী ও মালিক দখলকারিনী নিযুক্ত হইয়া খাসে অবিবাদে ভোগ দখল করিয়া আসিতেছি । যাহা

দান.......

Scanned with CamSca

শ্রীমতি ছায়া রাণী দত্ত,

দান, বিএন্য়, হস্তান্তরাদি করিবার উত্তম স্বত্ব ও অধিকার আমার আছে ।

এক্ষনে আমার নগদ অর্থের প্রয়োজন হওয়ায় উক্ত কৈখালী মৌজার ১০৮ নং খতিয়ানস্থিত সাবেক ৩১৭ হাল ৩৫৭ তৎপরে চলতি ৩৫৭ নং দাগের জমিমধ্যে আমার খরিদা স্থানীয় মাপের ১১-১৩-৪৪ ' বর্গফুট জমি সাফ বিএন্য় করিব মনস্থ করিয়া ঘোষনা করিলে পর আপনি অত্র দলিল গহীতা ও ক্রেতা উক্ত জমিমধ্যে স্থানীয় মাপের ১-০-০ ' এক কাঠা জমি খরিদ করিতে ইচ্ছুক হইয়া উহার সর্ব্বোচ্চ মূল্য বেনমোট ১০০০, এক হাজার টাকা দিতে স্বীকার করায় আমি আপনার প্রস্তাবিত উক্ত মূল্যে সম্মত হইয়া ও মূল্যের লিখিত টাকা নিম্নজায় মত আপনার নিকট হইতে গ্রহন করিয়া তপশীল বর্নিত ও অত্র সহ নকসায় প্রদর্শিত লাল রঙে বেষ্টিত ও সীমাঙ্কিত স্থানীয় মাপের কমবেশী ১-০-০ ' এক কাঠা জমি তৎসহ যাবতীয় আকর আওলাতাদি আপনার নিকট সাফ বিএন্য় করিলাম ও বিএনীত সম্পত্তি হইতে ওয়ারিশান স্থলাভিষিক্ত গন এন্মে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম ও উহাতে আপনাকে দখল ছাড়িয়া দিলাম ।

আপনি অদ্যকার তারিখ হইতে আমার বিএনীত সম্পত্তিতে স্বত্ববান ও মালিক দখলকার নিযুক্ত হইয়া মালিকান সরকার ও পঞ্চায়েত আপনার নাম পত্তন করত: রূপান্তর গৃহাদি বা পাকা ইমারতাদি নির্ম্মান, ভাঙ্গা, গড়া, পরিবর্ত্তন, পরিবর্দ্ধন, সংস্কার, দান, বিএন্য়, হস্তান্তরাদি সর্ব্বপ্রকার ক্ষমতা পরিচালনা করিতে থাকিয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশান স্থলাভিষিক্ত গনএন্মে যদৃচ্ছা ব্যবহারে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে আমি বা আমার ওয়ারিশ স্থলাভিষিক্ত গনমধ্যে কেহ কস্মিন কালেও কোন প্রকার দাবী দাওয়া ওজর আপত্তি করিব না বা করিবেক না করিলেও তাহা সর্ব্বভাবে সর্ব্ব আদালতে অগ্রাহ্য ও নামঞ্জুর হইবেক ।

বিএনীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামিত্ব সংশ্রব নড়া হক হকিয়ৎ ইজমেন্ট

অধিকারাদি...

Scanned with CamSca

অধিকারাদি ছিল বা আছে তৎসমস্তই অদ্যকার তারিখ হইতে রদ রহিত ও লোপ পাইয়া অত্র কোবালা দলিলের বলে আমা হইতে আপনাতে বর্তিল ।

বিক্রীত সম্পত্তিতে কোন প্রকার দায়াবন্ধ করি নাই বা করা নাই । উহা কোন মামলা মোকর্দ্দমার বিষয়ীভূত বা কোন আদালতের ক্রোকাবদ্ধ সম্পত্তি নহে বা কোন রিকুইজিশন বা এ্যাকুইজিশানের অন্তর্ভুক্ত হয় নাই । উহাতে আমার অপর কোন সরীক বা অংশীদার নাই বা আমি কাহারও বেনামদার নহি । উহা সম্পূর্ন নির্দ্দায়, নির্দ্দোষ আমার নিজ খাসে ও দখলে থাকা অবস্থায় আপনার নিকট সাফ বিক্রয় করিলাম । যদ্যপি ভবিষ্যতে বিক্রীত সম্পত্তিতে কোন প্রকার তঞ্চকতা প্রকাশ পায় বা আমার খরিদা স্বত্ব স্বামিত্ব ও দখলের দোষে আপনার খরিদা স্বত্ব দখল এর কোন ক্ষতি বা বিঘ্ন হয় তাহা হইলে প্রচলিত আইন আমলে আসিব ও আমি আপনার যাবতীয় ক্ষতির দাবী সহ মূল্যের লিখিত টাকা ফেরত দিতে ওয়ারিশান স্থলাভিষিক্তগনক্রমে বাধ্য থাকিলাম ও থাকিবেক ।

বিক্রীত সম্পত্তির রাইট, **টাইটেল** ও ইন্টারেস্ট সংক্রান্ত বিষয়ে ভবিষ্যতে কোন মামলা মোকর্দ্দমার উদ্ভব হইলে ও আপনার খরিদা স্বত্ব কায়েম ও প্রমানার্থে আমার সাক্ষী জবানবন্দী দেওয়ার প্রয়োজন হইলে যে কোন অফিস আদালতে উপস্থিত হইয়া সাক্ষ্য জবানবন্দী দিতে স্বীকৃত থাকিলাম ।

অত্র দলিলে কোন প্রকার ভ্রম থাকা প্রকাশিত হইলে ও তৎসংশোধনার্থে অত্র দলিলের পোষকতায় অপর কোন আইন সম্মত পরিপূরক দলিল আপনার অথবা আপনার ওয়ারিশ স্থলাভিষিক্তগনের অনুকূলে সহি সম্পাদন ও রেজিস্ট্রী করিবার প্রয়োজন হইলে কোন পন বা পারিশ্রমিক না লইয়া তলব মত বিনা ওজরে করিয়া দিতে স্বীকৃত থাকিলাম ।

Scanned with CamScanner

বিক্রীত সম্পত্তিতে আমি আপনার খরিদা সূত্র দখল কায়েম ও সুদৃঢ় করিবার কারনে আপনাকে সকল প্রকার সহায়তা করিতে স্বীকৃত থাকিলাম ।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনা অনুরোধে অত্র দলিলের ভাষা ও মর্ম্ম সম্যক অবগত হইয়া মূল্যের লিখিত ১০০০, এক হাজার টাকা নিম্নজায় মত আপনার নিকট হইতে গ্রহন করিয়া আপনার অনুকূলে অত্র সাফ কোবালা দলিল সহি সম্পাদন করিলাম । ইতি সন ১৩৯২ সালের ১৭ই - অগ্রহায়ণ ইংরাজী তাং ৪।১০।১৯৮৫ সাল ।

।। তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় ।।

জেলা ২৪ পরগনা সাবরেজিষ্ট্রী অফিস বিধান নগর সল্ট লেক সিটী পরগনা কলিকাতা-থানা সাবেক রাজারহাট বর্ত্তমানে এয়ার পোর্ট এলেকাধিন জেঃ এলঃ নং ৫, রেঃ সাঃ নং ১১৫, মৌজা কৈখালী, ১৭২ নং তৌজি, উর্দ্ধতন মালিক বর্ত্তমানে ২৪ পরগনা জেলা কালেক্টার বাহাদুর অধিকারে ১৩৮ নং খতিয়ানস্থিত ৩১৭ নং দাগের •২০ শতক জমিমধ্যে আমার খরিদা স্থানীয় মাপের কমবেশী ১১-১৩-৪৪´ বর্গফুট ডাঙ্গা জমি মধ্যে অত্র সহ নকসায় প্রদর্শিত লাল রঙে বেষ্টিত ও সীমাঙ্কিত স্থানীয় মাপের কমবেশী ১-০-০´ এক কাঠা কোর্ফা দখলি সূত্র বিশিষ্ট বার্ষিক হারাহারি মত •২৫ পয়সা করের জমিজমা যাহা কৃষিকার্য্যে ব্যবহৃত হইতেছে নচলতি রিভিশ্যনাল সেটেলমেন্ট অপারেশনএর ৬৬ নং খতিয়ান ৩৫৭ নং দাগ ভুক্ত জমি ।

যাহার চৌহদ্দি :—

উত্তরে :- আর•এস• ২৫৩ নং দাগ

দক্ষিনে :- ৬´ ফুট প্রশস্ত কমন প্যাসেজ ।

পূর্ব্বে ...

পূর্ব্বে :- আর•এস• ৩৪১ নং দাগ ।

পশ্চিমে :- আর•এস• ৩৫৭ নং দাগ ।

অত্র চৌহদ্দি মধ্যে বিক্রীত ভূমির পরিমান স্থানীয় মাপের কমবেশী ১-০-০ ´ এক কাঠা জমি তৎসহ নকসায় প্রদর্শিত কমন প্যাসেজের উপর ও তলদেশ দিয়া ইলেকট্রীক লাইন, টেলিফোনের তার, জল কলের পাইপ, আনায়ন জল নিষ্কাষনের ড্রেন ও অবাধ চলাচলের যাবতীয় বর্ত্তমুত্ব ইজমেন্ট রাইট সহ দরবস্ত হক হকুক সম্পত্তি অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে ।

টাকার জায় :-

১০০, টাকার নোট ১০ খানা

---

১০০০, এক হাজার টাকা মাত্র ।

ইসাদী–

(১) Ashim Ghosh.
Patna. Cal 49,

মুসাবিদাকারক :-
শ্রী নারায়ন কুমার ভট্টাচার্য্য
সাং দেশবন্ধুনগর, কলি- ৫৯ ।
এন: নং ডি•ডবলু XI-২১•

টাইপ কারক :-
সমীর কুমার ঘোষ
সাং পাটনা রোড, নিমতা,
কলিকাতা- ৪৯ ।

Scanned with CamSca

0 2.50 P.M.

I
135(F)
145 — 154
7160
1985

Addl. Dist. Sub-Registrar
23.5.86

Scanned with CamScanner

[illegible]

SRI MADAN SARDAR

শ্রী মদন কুমার সর্দার ।

I
135(F)
1532
1760
1985

Sub-Registrar

Scanned with CamScanner